

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত স্থায়ী কমিটির সভাঃ

সভার স্থানঃ উপজেলা পরিষদ হলরুম, সরিষাবাড়ী, জামালপুর।

সভার তারিখঃ ১০/০৮/২০২৩ ইং সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা

সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতির তালিকাঃ

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে অবস্থান	স্বাক্ষর
১	জেলী আক্তার	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর	সভাপতি	
২	মোঃ আবু তাহের	চেয়ারম্যান, সাতপোয়া ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর	সদস্য	
৩	মোঃ বেলাল হোসেন	চেয়ারম্যান, আওনা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর	সদস্য	
৪	মোঃ আব্দুল্লাহ আকন্দ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সরিষাবাড়ী, জামালপুর	সদস্য	
৫	ডাঃ পলাশ কান্তি দত্ত	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরিষাবাড়ী, জামালপুর	সদস্য সচিব	

অদ্য ১০/০৮/২০২৩ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় জনাব জেলী আক্তার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী মহোদয়ের সভাপতিত্বে সভার কার্যক্রম আরম্ভ হয়। সভাপতি মহোদয়ের স্বাগত ভাষণের পর আলোচ্য বিষয় সমূহের বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সংশ্লিষ্ট বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, লাম্পি ফ্লিন ডিজিজ এবং ক্ষুরা রোগ সরিষাবাড়ী উপজেলায় ছড়িয়ে পড়ায় এবং অত্র দপ্তরে টিকার যথেষ্ট সংস্থান না থাকায় দুটি রোগের বিস্তার রোধে উপজেলা পরিষদের এডিবি বরাদ্দ থেকে টিকা ক্রয়ের ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। তিনি আরো জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, সরিষাবাড়ী, জামালপুর জলাবদ্ধতা নিরসন এবং এ আগত সেবা গ্রহীতাগণের সেবা প্রাপ্তির সুবিধার জন্য উপজেলা পরিষদের এডিবি বরাদ্দ থেকে মাটি ভরাতের প্রয়োজন। পরবর্তী উপজেলা পরিষদ মাসিক সভায় উত্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

২। মৎস্য অভয়াশ্রমঃ অত্র উপজেলায় মৎস্য অভয়াশ্রম গুলো ব্যবহার অনুপযোগী হওয়ায় সেগুলো মেরামত করার প্রস্তাব উপজেলা মৎস্য কর্মকর্তা, সরিষাবাড়ী সভায় পেশ করেন। পাশাপাশি মৎস্য চাষীদের প্রশিক্ষণ এবং জাটকা সংরক্ষনের কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় উপস্থিত সকলের সহযোগীতা কামনা করেন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সভাপতি

জেলী আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর।